

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যে আইনশৃংখলা রক্ষায় গোয়েন্দা দপ্তরের কোনো খামতি থাকলে- তা অবশ্যই খতিয়ে দেখা হবে- বললেন মুখ্যমন্ত্রী ।
- (২) গত বছরে তুলনায় রাজ্যে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা এবছর হ্রাস পেয়েছে - জানিয়েছেন স্টেট ম্যালেরিয়া নোডাল অফিসার ।
- (৩) প্রধানমন্ত্রী বলেছেন গত দশ বছরে দেশের স্বাস্থ্যসেবা ক্ষেত্রে সার্থক রূপান্তর ঘটেছে।
- (৪) ২৯তম জাতীয় সিনিয়র রাজমাতা জিজাবাই ট্রফি ফুটবল প্রতিযোগিতা প্রথমবারের মত আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

Law & Order CM:

রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মানুষের সার্বিক নিরাপত্তা প্রদান করা সরকারের অন্যতম লক্ষ্য। সম্প্রতি বিরোধী রাজনৈতিক দলের সদস্যরা দাবী করছেন যে রাজ্যে আইনশৃংখলার অবনতি ঘটেছে। এটা ঠিক না। আজ রাজধানীর ৮-নং বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রে বিজেপি'র দ্বিতীয় পর্বের সদস্যপদ অভিযান এবং জনসম্পর্ক অভিযান অনুষ্ঠানে অংশ নিয়ে আকাশবাণীর প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী বলেন, যে কোন অনভিপ্রেত ঘটনা ঘটলে

তার পরিপ্রেক্ষিতে পুলিশ কি ধরনের ব্যবস্থা গ্রহন করছে সেটাই মূল বিষয়। তিনি জোর দিয়ে বলেন, রাজ্য পুলিশের গোয়েন্দা দপ্তরের কোন ধরনের খামতি থাকলে সেটা অবশ্যই খতিয়ে দেখা হবে। কারন সরকারের কাছে সর্বপ্রথম দায়িত্ব হল মানুষের নিরাপত্তা। তিনি বলেন.....

####Byte####

Agriculture:

উনকোটি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ ১৩ হাজার ৪০০ জন কৃষককে তাদের ব্যাঙ্ক একাউন্ট এর মাধ্যমে এক হাজার টাকা করে অন্তর্বর্তী অনুদান হিসাবে প্রদান করা হয়েছে।

কৃষি দপ্তরের উপ-অধিকর্তা সৌমেন নন্দী আজ এই সংবাদ জানান। তিনি জানান, আসন্ন শীতের মরশুমে উনকোটি জেলার ১০৪৭ হেক্টর জমিতে গম, সরিষা, মটর ইত্যাদি চাষের উদ্যোগ নেওয়া হয়েছে।

Malaria:

এবছর জানুয়ারী থেকে গতকাল ১৯ অক্টোবর পর্যন্ত রাজ্যে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ৮ হাজার ৮৬২ জন। এই সংখ্যা গত বছরে তুলনায় অনেকটাই কম বলে জানিয়েছেন স্টেট ম্যালেরিয়া নোডাল অফিসার ডক্টর অভিজিৎ দাস। তিনি বলেন, এর মধ্যে ধলাই জেলায় আক্রান্তের সংখ্যা ৬ হাজার ১৩৭ জন। পাহাড় জঙ্গল ঘেরা এই জেলার বেশিরভাগ গ্রামে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব প্রতিবছরই বেশি থাকে। তাই কেন্দ্রীয় সরকারের নীতি নির্দেশিকা মেনে এই সমস্ত এলাকায় প্রতি ১৫ দিনে একবার স্বাস্থ্য শিবিরের পাশাপাশি জনগণের রক্ত পরীক্ষা করানো হয়। সারা বছর ধরে এই নজরদারি চলে আক্রান্ত এলাকাগুলিতে। এছাড়া জানুয়ারি মাস থেকে গতকাল ১৯ অক্টোবর পর্যন্ত রাজ্যে ৭৫০

জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছেন ডক্টর অভিজিৎ দাস।

Leader of Opposition:

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্যের সর্বত্র শান্তি সম্প্রীতি বজায় রাখার জন্য জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। ধর্মনগরে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি অভিযোগ করে বলেন, রাজ্যের বিভিন্ন স্থানে শান্তি সম্প্রীতি বিনষ্ট করার জন্য কোনও স্বার্থান্বেষী মহল ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এর বিরুদ্ধে অবিলম্বে কঠোর পদক্ষেপ নেবার জন্য শ্রী চৌধুরী রাজ্য সরকারের উদ্দেশে আহ্বান জানিয়েছেন। সম্প্রতি উত্তর জেলার কদমতলা ও পানিসাগরের পেকুছড়ায় সংগঠিত ঘটে যাওয়া কিছু হিংসার ঘটনার উল্লেখ করে শ্রী চৌধুরী পুলিশের ভূমিকার সমালোচনা করেন। তিনি বলেন, পুলিশ দ্রুত যথাযথ পদক্ষেপ নিলে ঐ সমস্ত এলাকাগুলিতে অশান্তি এড়ানো যেত। হিংসায় ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ দেবার জন্য বিরোধী দলনেতা শ্রী চৌধুরী রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

Planting winter vegetables, Sonamura:

সিপাহীজলা জেলার কৃষিপ্রধান সোনামুড়া মহকুমার কৃষকরা এখন শীতকালীন সবজি চাষে ব্যস্ত। কৃষক সাদেক মিঞা জানানেন, সাম্প্রতিক বন্যার ক্ষতি সামলে তারা এখন ফুল কপি, টমেটো, লাউ, সিমের চারা রোপন করছেন। গত বন্যায় সোনামুড়ার বেজিমাড়া, তেলকাজলা, রাঙ্গামাটিয়া, বটতলী, ইন্দ্রনগর, উরমাই অঞ্চলে কৃষির ব্যাপক ক্ষতি হয়েছিল। সরকারিভাবে প্রাথমিক আর্থিক সাহায্য মিলেছে ক্ষতিগ্রস্ত কৃষক ও চাষীদের। সোনামুড়ার কৃষক ও চাষীরা এক বুক আশা নিয়ে এখন শীতকালীন সবজির চারা রোপন করছেন। কৃষক সাদেক মিঞা বলেন.....

####Byte####

Saubhagya :

প্রধানমন্ত্রী সহজ বিজলি হর ঘর যোজনা বা সৌভাগ্য যোজনায় ঊনকোটি জেলাতে মোট ১২ হাজার ৬৫৮ টি পরিবারের বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে।

সরকারী সূত্রে জানা গেছে, এরমধ্যে H.T লাইন ১৬ দশমিক দুই এক কিলোমিটার এবং L.T লাইন ১৬০ দশমিক পাঁচ পাঁচ কিলোমিটার সম্প্রসারিত হয়েছে।

NF RailWay:

যাত্রী ভিড় সামলাতে আগামী ২৩শে অক্টোবর আগরতলা-শিয়ালদহ-র মধ্যে একটি বিশেষ ট্রেন চলবে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যে ২১ বগির এই বিশেষ ট্রেন ০৫৬৫৮ আগামী ২৩ শে অক্টোবর বুধবার সন্ধ্যা ৭ টায় আগরতলা থেকে ছাড়বে এবং শুক্রবার সকাল ৮ টা ৪০ মিনিটে শিয়ালদহ পৌঁছুবে। যাত্রা পথে আমবাসা, ধর্মনগর, নিউ হাফলং, লামডিং, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, কিশানগঞ্জ, মালদা টাউন, নিউ ফরাক্কা, রামপুরহাট, সাঁইথিয়া, বোলপুর, বর্ধমান, দক্ষিণেশ্বর সহ ২৮টি স্টেশনে থামবে।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত দশ বছরে দেশের স্বাস্থ্যসেবা ক্ষেত্রে সার্থক রূপান্তরের কথা গুরুত্ব দিয়ে উল্লেখ করেছেন। তিনি শুধুমাত্র পূর্বাঞ্চলে নয়, সমগ্র দেশের জন্য একটি প্রধান স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসাবে কাশীর ক্রমবর্ধমান খ্যাতির কথা তুলে

ধরেন। শ্রী মোদী তার সংসদীয় নির্বাচনী এলাকা বারাণসীতে আজ আর জে শঙ্করা চক্ষু হাসপাতালের উদ্বোধনের পর বক্তব্য রাখছিলেন। প্রধানমন্ত্রী ঘোষণা করেন, দেশে স্বাস্থ্যসেবা পরিকাঠামো আরও শক্তিশালী করতে সরকার আগামী পাঁচ বছরে আরও ৭৫ হাজার মেডিকেল আসন যুক্ত করবে। শ্রী মোদী স্বাস্থ্যসেবার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, দেশবাসীকে সাশ্রয়ী মূল্যের চিকিৎসা প্রদান করা হয়েছে। তিনি গত দশ বছরে পূর্বাঞ্চলে ৫,৫০০টিরও বেশি আয়ুষ্সহান আরোগ্য মন্দির প্রতিষ্ঠার কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী মিশন ইন্ড্রধনুষের সাফল্য তুলে ধরেন, যার মাধ্যমে লক্ষ লক্ষ গর্ভবতী মহিলা এবং নবজাতকদের টিকা দেয়া হয়েছে, বিশেষ করে COVID-19 মহামারী চলাকালীন জীবন রক্ষায় সহায়তা করেছিল।

EPFO:

এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন (EPFO) চলতি বছরের আগস্ট মাসে ১৮ লক্ষ ৫৩ হাজার সদস্য যুক্ত করেছে। কেন্দ্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় জানিয়েছে, চলতি মাসে প্রায় ৯ লক্ষ ৩০ হাজার নতুন সদস্য তালিকাভুক্ত হয়েছেন। নতুন সদস্যের মধ্যে প্রায় ২ লক্ষ ৫৩ হাজার মহিলা সদস্য। মন্ত্রক জানিয়েছে, ক্রমবর্ধমান কর্মসংস্থানের সুযোগ, কর্মচারীদের সুবিধা সম্পর্কে সচেতনতা সৃষ্টির ফলে নতুন সদস্যপদ বৃদ্ধি পেয়েছে। মন্ত্রক আরো বলেছে, এই পরিসংখ্যানে দেখা যাচ্ছে গত বছরের আগস্ট মাসের তুলনায় চলতি বছরে নয় শতাংশের বেশি নতুন সদস্য বৃদ্ধি পেয়েছে। এটি নতুন কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির ইঙ্গিত দেয়।

CPI (M) protest:

এক দেশ, এক নির্বাচন প্রস্তাব বাতিল করা, দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ, বেকারত্ব রুখতে জরুরী পদক্ষেপ গ্রহণ, নারী-শিশু নির্যাতন বন্ধ, রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠা করা ইত্যাদি সহ মোট ৪ দফা দাবিতে আজ আগরতলা মঠ চৌমুহনী এলাকায় সিপিআইএমের বিক্ষোভ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। উপস্থিত ছিলেন সিপিএম নেতা অমল চক্রবর্তী। তিনি স্বরাষ্ট্র দপ্তরের সমালোচনা করে রাজ্যে অপরাধ বেড়ে চলেছে বলে অভিযোগ করেন।

Preparation of Raj Rajeswari Tourism Festival:

দক্ষিণ জেলার প্রাচীন জনপদ মুহুরীপুরে ১৮ তম রাজ-রাজেশ্বরী পর্যটন উৎসবের ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে। প্রস্তুতি কমিটির কর্মকর্তা অনর্ব চক্রবর্তী জানান, ৩১ অক্টোবর দীপাবলির সন্ধ্যায় শুরু হবে ২ দিনের উৎসব। বিভিন্ন সরকারি দপ্তরের প্রদর্শনী মন্ডপ ও ২ দিন ধরে সন্ধ্যায় অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। দোকানীও পসরা নিয়ে বসবেন উৎসবে। গোটা এলাকা সাজানো হবে আলোকমালায়। উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শান্তিরবাজারের মহকুমা শাসককে আহ্বায়ক করে গঠিত হয়েছে প্রস্তুতি কমিটি।

BSF detain:

বিএসএফ শালবাগান সদর দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, আজ বাংলাদেশ থেকে বেআইনিভাবে রাজ্যে ফেরার পথে পশ্চিম জেলার হরনাখলা সীমান্তে পাঁচ ভারতীয় নাগরিককে আটক করা হয়েছে। তাদের বাড়ি আগরতলার দক্ষিণ রামনগরে। বিএসএফ আরও জানিয়েছে, সীমান্তের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৩৫ লক্ষ টাকার নেশাদ্রব্য উদ্ধার করা হয়েছে। এরমধ্যে দুই হাজার ইয়াবা ট্যাবলেট, ১৪৬ কিলো গাঁজা এবং ২২৫ বোতল ফেন্সিডিল রয়েছে।

Weather-Cyclone :

আন্দামান সাগরের কাছে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে, যা আগামী ২৪ ঘণ্টার মধ্যে গভীর নিম্নচাপে পরিণত হবে। আবহাওয়া বিভাগ থেকে আজ জানানো হয়েছে, ২৩ অক্টোবর গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে পরিণত হবার সম্ভাবনা রয়েছে। ঘূর্ণিঝড়টি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৪ অক্টোবর সকালে উড়িষ্যা ও উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের কাছে পৌঁছুতে পারে। এই ঘূর্ণিঝড়ের অভিমুখ কোন দিকে থাকবে এবং ল্যান্ডফল কোথায় হতে পারে তা আগামী ৪৮ ঘণ্টার মধ্যে স্পষ্ট হয়ে উঠতে পারে।

এদিকে, রাজ্যে তাপমাত্রা নামতে শুরু করেছে। আজ রাজ্যের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

Women Football :

২৯তম জাতীয় সিনিয়র রাজমাতা জিজাবাই ট্রফি সিনিয়র মহিলাদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপ পর্বের খেলা প্রথমবারের মত আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে 'জি' গ্রুপের উদ্বোধনী দিনের বিকালের খেলায় ত্রিপুরা ৫-০ গোলে চন্ডিগড়কে পরাজিত করে। এর আগে সকালের খেলায় সিকিম ৪-১ গোলে গুজরাটকে হারিয়ে দেয়।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় স্বাগতিক মেঘালয়ের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে ত্রিপুরা। শিলং-এর পোলো মাঠে ৬ উইকেটে ৩৪৬ রান থেকে তৃতীয় দিনে আজ খেলতে নেমে রাজ্যদল ৮ উইকেটে ৩৭৭ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দেয়। জবাবে খেলতে নেমে মেঘালয়ের প্রথম ইনিংস ২২২ রানে শেষ হয়ে যায়। ১৫৫ রানে পিছিয়ে থাকায় মেঘালয় দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে দিনের শেষে কোন উইকেট না হারিয়ে ৩ রান করেছে।

Naidu Trophy :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ও কর্ণাটকের খেলা আজ থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের এম্যাচে টেসে জিতে ব্যাট করতে নেমে সফরকারী কর্ণাটক প্রথম ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ৪০৭ রান করে। ওপেনার ম্যাকনিল ২৩২ রানে অপরাজিত রয়েছেন।

Football- Sonamura :

সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে আজ থেকে "আয়েত আলী স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ২০২৪" শুরু হয়েছে। উদ্বোধনী ম্যাচে LSA কুয়েত ফ্রেন্ড একাদশ ৫-৩ গোলে মা রেডিমেট সেন্টার একাদশকে পরাজিত করে। বাঘাঘতীন ক্লাব আয়োজিত এই টুর্নামেন্টে মোট ৮টি দল অংশগ্রহণ করছে। আজ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন, সোনামুড়া নগর পঞ্চায়েতের ভাইস-চেয়ারপার্সন শাহাজান মিয়া, সিপাহীজলা জিলা পরিষদের সদস্য বিশ্বজিৎ দাস প্রমুখ।
